যুগান্তর

তারিখ 22 AUG 2016
পৃষ্ঠা ২ কলাম ২

চট্টগ্রামে দুদক কমিশনার

# ভূমি স্বাস্থ্য শিক্ষায় বেশি দুর্নীতি হচ্ছে

**চট্টগ্রাম ব্যুরো**

দুর্নীতি দমন কমিশনের (দুদক) কমিশনার ড. নাসির উদ্দিন আহমেদ বলেছেন, দেশের সব সেক্টরের দুর্নীতি নিয়ে কাজ করছে দুদক। এটি করতে গিয়ে দেখা গেছে ভূমি অফিস, শিক্ষা খাত ও স্বাস্থ্য খাতেই দুর্নীতি বেশি হচ্ছে। রোববার সকালে চট্টগ্রাম জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে 'গণশুনানি ও জনগণের ক্ষমতায়ন' শীর্ষক দুর্নীতি প্রতিরোধবিষয়ক একটি কর্মশালায় তিনি এসব কথা বলেন। বিশ্বব্যাংকের সহযোগিতায় দুদক এ কর্মশালার আয়োজন করে।

দুদক কমিশনার বলেন, দুর্নীতি প্রতিরোধ করতে সংশ্লিষ্ট সবার সহযোগিতা প্রয়োজন। কারণ দুর্নীতি এত বিস্তৃতি লাভ করেছে যে, জনগণের সহযোগিতা ছাড়া তা প্রতিরোধ করা সহজ নয়। সরকারের ঊর্ধ্বতন কর্মকর্তাদের প্রতি হুশিয়ারি উচ্চারণ করে তিনি বলেন, দুর্নীতি প্রমাণিত হলে কিংবা ধরা পড়লে কাউকে ছাড় দেয়া হবে না। তিনি যত বড় কর্মকর্তাই হোন না কেন। সবাইকে দুর্নীতি থেকে দূরে থাকতে হবে। দুর্নীতি করার মনমানসিকতা থাকলে তাও পরিহার করতে হবে। তবে দুদকের অভিযানের কারণে বিভিন্ন সেক্টরে দুর্নীতি আগের চেয়ে অনেক কমেছে বলে মন্তব্য করেন তিনি। স্বাগত বক্তব্যে চট্টগ্রাম দুদকের পরিচালক আবদুল আজিজ ভূঁইয়া বলেন, সরকারি কর্মকর্তাদের অসচেতনতা ও গাফেলতির কারণে দেশে দুর্নীতি বাড়ছে।